

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dtca.gov.bd

নম্বর-৩৫.০২.০০০০.০০২.১১.০০১.২৩-২৭৪

তারিখ: ২২.০৪.২০২৪ খ্রিস্টাব্দ।

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
এম. এম. বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ার্স লিঃ
হাটজ-১২৭, রোড নং-১০দ, ব্লক-সি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২।

বিষয়: আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে জনবল সরবরাহের কার্যাদেশ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কার্যালয়ে আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে কেয়ারটেকার-০১ (এক) জন, ইলেকট্রিশিয়ান-০১ (এক) জন, আইটি টেকনিশিয়ান-০১ (এক) জন, সেনিটারিমিস্ত্রি-০১ (এক) জন, এয়ারকন্ডিশনার অপারেটর-০১ (এক) জন, জেনারেটর অপারেটর-০১ (এক) জন, গার্ডেনার-০১ (এক) জন, লিফটম্যান-০৩ (তিন) জন, নিরাপত্তা প্রহরী-০৪ (চার) জন এবং পরিচ্ছন্নতাকর্মী-০৪ (চার) জনসহ মোট ১৮ (আঠার) জন জনবল সরবরাহের নিমিত্ত আহ্বানকৃত দরপত্র/প্রস্তাবের প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং ২৪.০৩.২০২৪ তারিখ স্বাক্ষরিত চুক্তির আলোকে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষ সার্ভিস চার্জ ও ভ্যাটসহ সর্বমোট ৯৪,১২,১২৪.৪০ (চুরানব্বই লক্ষ বার হাজার একশত চব্বিশ দশমিক চার শূন্য) টাকায় জনবল সরবরাহের কার্যাদেশ প্রদান করা হলো:

ক) অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯ তারিখ: ১০.০৬.২০১৯ মোতাবেক ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য মাসিক সেবামূল্য কেয়ারটেকার- ১৯,১১০/-, ইলেকট্রিশিয়ান- ১৯,১১০/-, আইটি টেকনিশিয়ান- ১৯,১১০/-, সেনিটারিমিস্ত্রি- ১৮,৬১০/-, এয়ারকন্ডিশনার অপারেটর- ১৮,৬১০/-, জেনারেটর অপারেটর- ১৮,৬১০/-, গার্ডেনার- ১৭,৯১০/-, লিফটম্যান- ১৭,৬১০/-, নিরাপত্তা প্রহরী- ১৭,৬১০/-, এবং পরিচ্ছন্নতাকর্মী- ১৭,৬১০/- জনপ্রতি মাসে উল্লিখিত হারে বিল আকারে আপনার অফিসিয়াল প্যাডে দাবী করতে হবে। বিধি মোতাবেক উৎসে Vat, Tax কর্তন করা হবে।


খ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিশোধিত মূল্যের উপর ৫% হারে সার্ভিস চার্জ প্রাপ্য হবেন। প্রতি মাসের সেবা বিল পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রতিষ্ঠানের প্যাডে ২ কপি দাখিল করতে হবে। একাউন্ট-পে চেকের মাধ্যমে সেবা মূল্য ও সার্ভিস চার্জ পরিশোধ করা হবে। আউটসোর্সিং জনবলের জন্য সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টের মাধ্যমে বেতন প্রদান করা হবে। আউটসোর্সিং জনবলের বেতনের সাথে সব রকম ভাতা ও বোনাসযুক্ত, তাই আলাদা কোন ভাতা বোনাস প্রদান করা হবে না।

গ) আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত জনবল এর কারণে অত্র প্রতিষ্ঠানের কোন রকম ক্ষতি সাধন হলে তা আউটসোর্সিং কোম্পানীর উপর বর্তাবে।

ঘ) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আইন, বিধিমালা, পরিপত্র, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

ঙ) চুক্তিপত্র এবং আদেশে যে সমস্ত বিষয় উল্লেখ নেই সে সকল বিষয়ে কোন প্রশ্ন উত্থাপিত হলে সরকারের প্রচলিত আইন-কানুন দ্বারা তা নিষ্পত্তি করা যাবে।

২। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১১.০৩.২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০৪৮.১৯.০১৪.২১-৫২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে গত ২১.০৪.২০২৪ তারিখে নব-নির্মিত ডিটিসিএ ভবনের ডিটিসিএ অংশ হস্তান্তর-গ্রহণ সম্পন্ন হওয়ায় আগামী ০২.০৫.২০২৪ তারিখ হতে দরপত্র সিডিউল মোতাবেক জনবল সরবরাহের জন্য অনুরোধ জানানো হলো।




মো: নাজমুল হক

পরিচালক (প্রশাসন)

ফোনঃ ০২২২৬৬০৩৭০৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট/পিএন্ডপি/টিএমপিটিআই), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
- ২। হিসাব ও অর্থ কর্মকর্তা, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
- ৩। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রোগ্রামার/সফটওয়্যার প্রোগ্রামার, ডিটিসিএ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সহকারী পরিচালক (প্রশাসন-১), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
- ৬। নির্বাহী পরিচালকের একান্ত সচিব, ডিটিসিএ (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।



মো: নাজমুল হক

পরিচালক (প্রশাসন)

ফোনঃ ০২২২৬৬০৩৭০৫